

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله الله عن رسول الله عن الله ع

পরিচ্ছেদঃ ৫. ফযরের নামায অন্ধকার বিদূরিত করে আদায় করা

باب مَا جَاءَ فِي الإِسْفَارِ بِالْفَجْرِ

আরবী

حَدَّتَنَا هَنَّادٌ، حَدَّتَنَا عَبْدَةُ، _ هُوَ ابْنُ سُلَيْمَانَ _ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ، عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى عُمَرَ بْنِ قَتَادَةَ، عَنْ مَحْمُودِ بْنِ لِبِلْفَجْرِ فَإِنَّهُ أَعْظَمُ لِلأَجْرِ ". قَالَ وَقَدْ رَوَى شُعْبَةُ الله عليه وسلم يَقُولُ " أَسْفِرُوا بِالْفَجْرِ فَإِنَّهُ أَعْظَمُ لِلأَجْرِ ". قَالَ وَقَدْ رَوَى شُعْبَةُ وَاللّهُ عَدْا الْحَدِيثَ عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ . قَالَ وَرَواهُ مُحَمَّدُ بْنُ عَجْلاَنَ أَيْضًا عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي بَرْزَةَ الأَسْلَمِيّ وَجَابِرٍ وَبِلال . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ رَافِعِ بْنِ خَدِيجٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَأَى غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ عِيسَى حَدِيثُ رَافِعِ بْنِ خَدِيجٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَأَى غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ الإِسْفَارِ أَنْ يَصَلَاةِ الْفَجْرِ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ التَّافِرِيُّ . وَقَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ مَعْنَى الإِسْفَارِ أَنْ يَصِحَ الْفَجْرُ فَلاَ سُفْيَانُ التَّوْرِيُّ . وَقَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ مَعْنَى الإِسْفَارِ أَنْ يَصِحَ الْفَجْرُ فَلاَ يَشِهِ وَلَمْ يَرَوْا أَنَّ مَعْنَى الإِسْفَارِ أَنْ يَصِحَ الْفَجْرُ فَلاَ لَاللهُ عَلِيهُ وَلَمْ الطَعَلْ قِيهِ وَلَمْ يَرَوْا أَنَّ مَعْنَى الإِسْفَارِ أَنْ يَصِعْ لَا السَّافَةِ .

বাংলা

১৫৪। রাফি ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ তোমরা ফযরের নামায (ভোরের অন্ধকার) ফর্সা করে আদায় কর। কেননা তাতে অনেক সাওয়াব রয়েছে। —সহীহ। ইবনু মাজাহ– (৬৭২)।

শুবা ও সুফিয়ান সাওরী মুহাম্মাদ ইবনু ইসহাকের সূত্রে এ হাদীসটি বর্ণনা করেছেন। মুহাম্মাদ ইবনু আজলান ও আসিম ইবনু উমারের সূত্রে এ হাদীসটি বর্ণনা করেছেন। এ অনুচ্ছেদে আবু বারযা, জাবির এবং বিলাল (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেনঃ রাফি' (রাঃ) হতে বর্ণিত হাদীসটি হাসান সহীহ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর একাধিক বিশেষজ্ঞ সাহাবা ও তাবিঈন অন্ধকার চলে যাওয়ার পর ফযরের নামায আদায়ের পক্ষে মত দিয়েছেন। সুফিয়ান সাওরী এ মত গ্রহণ করেছেন। ইমাম শাফিঈ, আহমাদ এবং ইসহাক বলেছেন, (অন্ধকার) ফর্সা হওয়ার অর্থ হচ্ছে- সন্দেহাতীতরূপে ভোর হওয়া। কিন্তু ফর্সা হওয়ার অর্থ এই



নয় যে, নামায দেরি করে আদায় করতে হবে।

English

Rafi bin Khadlj said:

"I heard Allah's Messenger saying: 'Perform Fajr at Al-Isfar, for indeed its reward is greater.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন